

অতিরিক্ত সচিবের দপ্তর খাদ্য মন্ত্রণালয়	
<input type="checkbox"/> অতিরিক্ত সচিব (এফপিএমইউ)	
<input checked="" type="checkbox"/> যুগ্ম সচিব (প্রশাসন-১)	
<input type="checkbox"/> সিনিয়র সচিব (সংস্থা/সেবা/সমাঃ/স্বঃ/স্বঃ)	
<input type="checkbox"/> উপ প্রধান (প্রশাসনিক)	
নং আঃ- তারিখঃ	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

সিআর অধিশাখা

www.mopa.gov.bd

সিসস (অঃ প্রঃ-২)

আইসি/সি/সি

নাম্বারঃ

তারিখঃ

সচিবের দপ্তর খাদ্য মন্ত্রণালয়	
<input checked="" type="checkbox"/> অতিরিক্ত সচিব (প্রঃ ও পরিঃ)	
<input type="checkbox"/> যুগ্ম সচিব (সংস্থা ও স্বঃ)	
<input type="checkbox"/> সিনিয়র সচিব (সংস্থা ও অডিট)	
<input type="checkbox"/> মহা-পরিচালক খাদ্য/এফপিএমইউ	
<input type="checkbox"/> উপ-প্রধান (পরিঃ)	
নং- তারিখঃ	

০৯ আশ্বিন, ১৪২১

তারিখঃ.....

২৪ সেপ্টেম্বর, ২০১৪

বিষয়ঃ গোপনীয় অনুবেদন সংক্রান্ত অনুশাসনমালার বিশেষ করে ১.৪.২, ১.৯.২, ১.৯.৮, ২.৪.৫, ৩.২.১, ২.৭ এবং

১.৭.৪ নং নির্দেশনাসহ সকল নির্দেশনা যথাযথভাবে অনুসরণ সংক্রান্ত।

সূত্রঃ নং-০৫.১০২.২২.০১.০০.০০১.২০১২-৫৮;

তারিখঃ ২৩.০৯.২০১২ খ্রিঃ।

সিআর অধিশাখায় প্রাপ্ত গোপনীয় অনুবেদনসমূহ পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, অনেক ক্ষেত্রে সূত্রে বর্ণিত অনুশাসনমালা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে না। অনুশাসনমালার সকল নির্দেশনাসহ নিম্নবর্ণিত বিষয়গুলি বিশেষ গুরুত্ব সহকারে ও কঠোরভাবে অনুসরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলঃ

(১) একই পঞ্জিকা বছরে কোন কর্মস্থলে একাধিক অনুবেদনকারী ও প্রতিস্বাক্ষরকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে কর্মরত থাকার ক্ষেত্রে অনুবেদনকারী ও প্রতিস্বাক্ষরকারী কারও নিয়ন্ত্রণেই কর্মকাল ০৩ মাস না হলে কিংবা কোন কর্মস্থলেই কর্মকাল ০৩ মাস না হলে (যথোপযুক্ত প্রমাণসহ) বা কোন কারণে গোপনীয় অনুবেদন প্রযোজ্য না হলে আবশ্যিকভাবে ডোসিয়ার হেফাজতকারী কর্তৃপক্ষ বা সিআর অধিশাখাকে বিষয়টি যথাসময়ে সরাসরি লিখিতভাবে জানাতে হবে (অনুঃ নং-২.৭)।

(২) বিশেষ করে নবীন কর্মকর্তাগণ কর্তৃক পূরণকৃত অনুবেদন ফরম অসংখ্য ভুলত্রুটি, অসম্পূর্ণ ও অসংগত তথ্যসহ পাওয়া যাচ্ছে, যা অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা কর্তৃক যাচাই অন্তে সংশোধনপূর্বক জমা করতে হবে (অনুঃ নং- ৩.২.১)। অন্যথায় যেনতেন ভাবে দাখিলকৃত গোপনীয় অনুবেদন গ্রহণযোগ্য হবে না। এছাড়া গোপনীয় অনুবেদন ফরমের নির্ধারিত স্থানে অনুস্বাক্ষরকারী বা প্রতিস্বাক্ষরকারী কর্তৃক স্বাক্ষরের পর তারিখ, সীল ও পরিচিতি নম্বর (যাদের রয়েছে) উল্লেখ করতে হবে (অনুঃ নং- ১.৯.৮)।

(৩) একই পঞ্জিকা বছরে একাধিক অনুবেদনকারী কর্মকর্তার নিয়ন্ত্রনাধীন কর্মকালের ক্ষেত্রে যার অধীনে ঠিক যতটুকু সময় কর্মরত ছিলেন তাঁর নিকট ঠিক ততটুকু সময়ের (তারিখ, মাস ও বছর উল্লেখসহ) গোপনীয় অনুবেদন দাখিল করতে হবে (অনুঃ ১.৪.২)। অন্য কারণে নিকট দাখিল করার কোন সুযোগ নেই। বদলী/শাখা বা দপ্তর পরিবর্তনজনিত ক্ষেত্রে প্রাক্তন পদবী ও কর্মস্থল/কর্মক্ষেত্র/কর্মপরিধি উল্লেখ না করলে অনুস্বাক্ষরকারী বা প্রতিস্বাক্ষরকারী যথাযথ কিনা তা নিশ্চিত হওয়া যায় না।

খাদ্য মন্ত্রণালয় অভ্যন্তরীণ প্রশাসন-১ শাখা আইসি নং- ৬-৭২ তারিখঃ ১২/০৯/১৪
--

Endorse

১২/০৯/১৪
A/S

